"সত্যের সন্ধানে অবিচল"

নোয়াখালী খবর এক্সপ্রেস

NOAKHALI KHABAR EXPRESS

নোয়াখালী

অনলাইন দৈনিক ই-পেপার | NOV বুধবার, ১১ নভেম্বর ২০২৬ | বর্ষ:-০১,সংখ্যা :-০৯ | www.noakhalikhabarexpress.com

COP31 সম্মেলনে যোগ তুরস্কের উদ্দেশে ঢাকা প্রধানমন্ত্রী তারেক রহমান



জাতিসংঘের জলবায়ু পরিবর্তনবিষয়ক ৩১তম সম্মেলন (COP31)-এ অংশ নিতে তুরস্কের উদ্দেশে ঢাকা ত্যাগ করেছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান।
মঙ্গলবার (১০ নভেম্বর) সকাল ৭টা ৩০ মিনিটে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে টার্কিশ এয়ারলাইন্সের একটি নিয়মিত ফ্লাইটে ইস্তাম্বুলের উদ্দেশে যাত্রা করেন তিনি।
১০ থেকে ১২ নভেম্বর পর্যন্ত তিন দিনের এই সফরকালে প্রধানমন্ত্রীর সফরসঙ্গী হিসেবে রয়েছেন তাঁর সহধর্মিণী ডা. জুবাইদা রহমান, মন্ত্রিপরিষদের সদস্য, রাজনীতিবিদ ও সরকারের ঊর্ধ্বতন কর্মকর্তারা।
সফরসূচি অনুযায়ী, ১১ ও ১২ নভেম্বর তুরস্কের আনতালিয়ায় অনুষ্ঠিতব্য COP31 সম্মেলনের বিভিন্ন অধিবেশনে অংশ নেবেন প্রধানমন্ত্রী। আগামী ১২ নভেম্বর সম্মেলনের পূর্ণাঙ্গ অধিবেশনে বাংলাদেশের পক্ষে বক্তব্য দেওয়ার কথা রয়েছে তাঁর। সম্মেলনের পাশাপাশি বিভিন্ন দেশের রাষ্ট্র ও সরকারপ্রধানের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকেও অংশ নেওয়ার কথা রয়েছে প্রধানমন্ত্রীর। এসব বৈঠকে দ্বিপাক্ষিক সম্পর্ক উন্নয়ন, বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণ, জলবায়ু পরিবর্তন মোকাবিলা এবং পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয় গুরুত্ব পাবে।



নোবিপ্রবিতে আন্তর্জাতিক হিসাববিজ্ঞান দিবস উদযাপন

আন্তর্জাতিক হিসাববিজ্ঞান দিবস উপলক্ষে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) কুইজ প্রতিযোগিতা, আনন্দ র‍্যালি ও কেক কাটার আয়োজন করা হয়েছে।
মঙ্গলবার (১০ নভেম্বর) বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন বিভাগের উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী, উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ শফিকুল ইসলাম, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. হাসান উদ্দিন এবং ব্যবসায় প্রশাসন অনুষদের ডিন অধ্যাপক ড. আব্দুল কাইয়ুম মাসুদ।
এ সময় বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরাও অংশগ্রহণ করেন। আয়োজনের মধ্য দিয়ে দিবসটি উদযাপনে বিশ্ববিদ্যালয়জুড়ে উৎসবমুখর পরিবেশের সৃষ্টি হয়।



আশুলিয়ায় মজুরি বৃদ্ধির দাবিতে শ্রমিক-পুলিশ সংঘর্ষ, আহত ২

ঢাকার সাভারের আশুলিয়ায় মজুরি বৃদ্ধির দাবিতে পোশাকশ্রমিকদের সঙ্গে পুলিশের সংঘর্ষের ঘটনা ঘটেছে। মঙ্গলবার (১০ নভেম্বর) সকাল সাড়ে ১০টার দিকে জামগড়া এলাকায় বাইপাইল-আবদুল্লাহপুর সড়ক অবরোধকে কেন্দ্র করে এ পরিস্থিতির সৃষ্টি হয়। এতে দুই শ্রমিক আহত হয়েছেন। উদ্ভূত পরিস্থিতিতে প্রায় ২০টি পোশাক কারখানায় ছুটি ঘোষণা করা হয়েছে।
প্রত্যক্ষ পরিস্থিতিতে শ্রমিকদের সঙ্গে পুলিশের পাল্টাপাল্টি ধাওয়া ও ইটপাটকেল নিক্ষেপের ঘটনা ঘটে। একপর্যায়ে পুলিশ কাঁদানে গ্যাস ও সাউন্ড গ্রেনেড নিক্ষেপ করে শ্রমিকদের ছত্রভঙ্গ করে দেয়।
আহত দুই শ্রমিক হলেন স্টারলিং স্টাইলস লিমিটেডের আলমগীর হোসেন ও রাজিয়া বেগম। তাঁদের মধ্যে রাজিয়া বেগমের আঘাত গুরুতর হওয়ায় তাঁকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। অপর শ্রমিক আলমগীর প্রাথমিক চিকিৎসা নিয়েছেন।
পুলিশের দাবি, শ্রমিকদের ছত্রভঙ্গ করতে কাঁদানে গ্যাস ও সাউন্ড গ্রেনেড ব্যবহার করা হয়েছে, রাবার বুলেট ছোড়া হয়নি। অন্যদিকে হাসপাতাল কর্তৃপক্ষ আহত শ্রমিকদের শরীরে রাবার বুলেটের আঘাত থাকতে পারে বলে প্রাথমিক ধারণা জানিয়েছে।
শ্রমিক অসন্তোষের কারণে শিল্পাঞ্চলের কয়েকটি কারখানায় কাজ বন্ধ হয়ে যায়। পরে পরিস্থিতি বিবেচনায় প্রায় ২০টি কারখানায় ছুটি ঘোষণা করে কর্তৃপক্ষ



নারায়ণগঞ্জে মাদরাসায় আগুন, ধোঁয়ায় অসুস্থ ৬৩ শিক্ষার্থী; আইসিইউতে ৪

নারায়ণগঞ্জের ফতুল্লার সাইনবোর্ড এলাকায় একটি মাদরাসায় অগ্নিকাণ্ডের ঘটনায় ধোঁয়ায় অসুস্থ হয়ে ৬৩ শিক্ষার্থী হাসপাতালে ভর্তি হয়েছে। তাদের মধ্যে চারজনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) রাখা হয়েছে।
সোমবার (৯ নভেম্বর) দিবাগত রাত ২টার দিকে আজিয়া আশরাফিয়া মাদরাসায় এ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। জাতীয় ফায় ও প্রাতিক সার্ভারি ইনস্টিটিউটের জরুরি বিভাগের আরএসি চিকিৎসক ডা. সুলতান মাহমুদ শিকদার মঙ্গলবার (১০ নভেম্বর) এ তথ্য জানান। তিনি বলেন, চার শিক্ষার্থীকে নিবিড় পর্যবেক্ষণে রাখা হয়েছে। অন্যদেরও প্রয়োজন অনুযায়ী চিকিৎসা দেওয়া হচ্ছে। এ ছাড়া নতুন রোগী হাসপাতালে আসছেন।
মাদরাসার শিক্ষকেরা মুফতি আজিজুর রহমান জানান, আগুনের সূত্রপাত হওয়া স্থানে কোনো শিক্ষার্থী ছিল না। তবে আগুন লাগার পর পুরো মাদরাসায় ধোঁয়া ছড়িয়ে পড়লে শিক্ষার্থীরা অসুস্থ হয়ে পড়ে। মাদরাসায় একাধিক সিঁড়ি থাকায় শিক্ষার্থীরা দ্রুত বাইরে বের হয়ে সক্ষম হয়।
অগ্নিকাণ্ডের ঘটনায় শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে উদ্বেগ সৃষ্টি হয়েছে। আগুন লাগার কারণ সম্পর্কে বিস্তারিত তথ্য জানা যায়নি।



ফরিদপুরে বাসে দুর্বৃত্তদের আগুন, নেভাতে গিয়ে প্রাণ গেল চালকের

ফরিদপুরে দাঁড়িয়ে থাকা একটি লোকাল বাসে দুর্বৃত্তদের দেওয়া আগুন নেভানোর চেষ্টা করতে গিয়ে শ্বাসকষ্টে মো. কালাচাঁদ (৫০) নামে এক বাসচালকের মৃত্যু হয়েছে। সোমবার (৯ নভেম্বর) গভীর রাতে শহরের গোয়ালচামট নতুন বাসস্ট্যান্ড এলাকায় এ ঘটনা ঘটে।
নিহত কালাচাঁদের বাড়ি গোপালগঞ্জের মুকসুদপুর উপজেলার দিগনগর গ্রামে। তিনি ফরিদপুর-টেকেরহাট-মাদারীপুর রুটে চলাচলকারী 'কিশোর-তনয়' পরিবহনের একটি লোকাল বাসের চালক ছিলেন।
স্থানীয় সূত্রে জানা যায়, রাতে বাসটি নতুন বাসস্ট্যান্ডের সামনে সড়কের পাশে দাঁড় করানো ছিল। এ সময় চালক বাসের ভেতরে ঘুমিয়ে ছিলেন। দুর্বৃত্তরা বাসটিতে আগুন ধরিয়ে দিলে তিনি বাইরে বের হয়ে আগুন নেভানোর চেষ্টা করেন। একপর্যায়ে ধোঁয়ায় শ্বাসকষ্টে অসুস্থ হয়ে পড়েন তিনি।
খবর পেয়ে ফায়ার সার্ভিসের কর্মীরা ঘটনাস্থলে গিয়ে আগুন নিয়ন্ত্রণে আনেন। পরে অসুস্থ চালককে হাসপাতালে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন।
ফরিদপুর ফায়ার সার্ভিসের স্টেশন কর্মকর্তা শ্রীবাস বারৈ জানান, আগুন নেভানোর সময় চালক অসুস্থ হয়ে পড়েন। পরে তাঁকে হাসপাতালে নেওয়া হয়। এদিকে বাসে অগ্নিসংযোগের ঘটনায় জড়িতদের শনাক্ত করতে কাজ করছে পুলিশ। শহরের বিভিন্ন স্থানের সিসিটিভি ফুটেজ সংগ্রহসহ ঘটনার তদন্ত চলছে।



নোয়াখালীতে ডিবির অভিযানে ৪৭৫ গ্রাম গাঁজাসহ গ্রেপ্তার ১

নোয়াখালীতে জেলা গোয়েন্দা শাখা (ডিবি) পুলিশের অভিযানে ৪৭৫ গ্রাম গাঁজাসহ বাদশা আলম (৪৫) নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে।
মঙ্গলবার (১০ নভেম্বর) দুপুর ২টা ১৫ মিনিটের দিকে সুধারাম থানাধীন ৮ নম্বর কালাদরাপ ইউনিয়নের খলিফারহাট বাজার এলাকায় এ অভিযান পরিচালনা করা হয়।
পুলিশের দেওয়া তথ্য অনুযায়ী, জেলা পুলিশ সুপারের নির্দেশনায় এবং ডিবির ভারপ্রাপ্ত কর্মকর্তার সার্বিক তত্ত্বাবধানে এসআই মো. ওসমান গনি সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালান। এ সময় খলিফারহাট বাজারের গণশৌচাগারের উত্তর পাশে সন্দেহভাজন বাদশা আলমকে আটক করা হয়। পরে তাঁর দেহ তল্লাশি করে ৪৭৫ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়।
গ্রেপ্তার বাদশা আলম সুধারাম থানার ৮ নম্বর কালাদরাপ ইউনিয়নের পূর্ব বারাহিপুর এলাকার বাসিন্দা। তাঁর বাবার নাম মৃত আব্দুল মালেক।
এ ঘটনায় তাঁর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে সুধারাম থানায় মামলা দায়েরের প্রক্রিয়া চলছে বলে জানিয়েছে পুলিশ।

VISIT:
noakhalikhabarexpress.com
FOLLOW:
noakhalikhabarexpressbd
SUBSCRIBE:
@noakhalikhabarexpress

- সত্য প্রকাশের দায়িত্ব আমাদের সবার
- সংবাদপত্র কেবল খবর প্রকাশের মাধ্যম নয়; এটি সমাজের দর্পণ, মানুষের কথা বলার জায়গা এবং অন্যায়-অনিয়মের বিরুদ্ধে সচেতনতা তৈরির একটি গুরুত্বপূর্ণ শক্তি। একটি সত্য সংবাদ মানুষকে সচেতন করে, সমাজকে ভাবতে শেখায় এবং দায়িত্বশীলদের জবাবদিহির আওতায় আনতে সহায়তা করে।
- বর্তমান সময়ে তথ্যপ্রযুক্তির দ্রুত বিস্তারের ফলে মুহূর্তেই একটি খবর ছড়িয়ে পড়ছে মানুষের কাছে। কিন্তু সব তথ্যই যে সঠিক, তা নয়। যাচাই-বাছাই ছাড়া কোনো সংবাদ প্রকাশ করলে সাধারণ মানুষ বিভ্রান্ত হতে পারে, ক্ষতিগ্রস্ত হতে পারে ব্যক্তি কিংবা প্রতিষ্ঠান। তাই সংবাদ পরিবেশনে দ্রুততার পাশাপাশি তথ্যের সত্যতা, নিরপেক্ষতা ও দায়িত্বশীলতা নিশ্চিত করা অত্যন্ত জরুরি।
- বিশেষ করে স্থানীয় সাংবাদিকতার গুরুত্ব অনেক বেশি। এলাকার মানুষের সমস্যা, সম্ভাবনা, উন্নয়ন, শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, যোগাযোগব্যবস্থা এবং নানা অসংগতি জাতীয় পর্যায়ে সব সময় যথাযথ গুরুত্ব পায় না। অথচ এসব বিষয়ই সাধারণ মানুষের দৈনন্দিন জীবনের সঙ্গে সরাসরি জড়িত। স্থানীয় মানুষের কথা তুলে ধরা এবং জনস্বার্থসংশ্লিষ্ট বিষয়গুলো সামনে আনাই স্থানীয় গণমাধ্যমের অন্যতম দায়িত্ব।
- আমরা বিশ্বাস করি, সংবাদে কারও প্রতি অন্ধ সমর্থন কিংবা অযাচিত বিরোধিতা নয়—প্রাধান্য পাবে সত্য, ন্যায় ও জনস্বার্থ। কোনো অভিযোগ প্রকাশের ক্ষেত্রে সংশ্লিষ্ট পক্ষের বক্তব্য এবং তথ্য যাচাইয়ের গুরুত্বও সমানভাবে বিবেচিত হওয়া প্রয়োজন।
- নোয়াখালী খবর এক্সপ্রেসের পথচলায় পাঠক, শুভানুধ্যায়ী ও সংবাদকর্মীদের সহযোগিতা আমাদের অনুপ্রেরণা। সীমাবদ্ধতা থাকতে পারে, কিন্তু সত্য ও দায়িত্বশীলতার প্রশ্নে আপস না করার প্রত্যয় নিয়েই আমরা এগিয়ে যেতে চাই।
- আমাদের অঙ্গীকার—সত্য তুলে ধরা, মানুষের কথা বলা এবং জনস্বার্থে দায়িত্বশীল সংবাদ পরিবেশন করা।
- সত্যের সন্ধানে অবিচল।
- — সম্পাদক

হামের উপসর্গে ২৪ ঘণ্টায় ৫ শিশুর মৃত্যু, আক্রান্ত ১ হাজার ৪৪৪



দেশে হামের সংক্রমণ পরিস্থিতি উদ্বেগজনক হয়ে উঠছে। গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে আরও পাঁচ শিশুর মৃত্যু হয়েছে। একই সময়ে হাম ও হামের উপসর্গ মিলিয়ে নতুন করে আক্রান্ত হয়েছে ১ হাজার ৪৪৪ জন।
মঙ্গলবার (১০ নভেম্বর) স্বাস্থ্য অধিদপ্তরের প্রকাশিত প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। প্রতিবেদন অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় ১ হাজার ৩৫৭ জনের শরীরে হামের উপসর্গ পাওয়া গেছে। পাশাপাশি ৮৭ জনের শরীরে হাম সংক্রমণ নিশ্চিত হয়েছে। এ সময়ে হামের উপসর্গ নিয়ে মারা যাওয়া পাঁচ শিশুর মধ্যে চট্টগ্রাম বিভাগে তিনজন, ঢাকা ও সিলেট বিভাগে একজন করে রয়েছে। তবে নিশ্চিতভাবে হামে আক্রান্ত হয়ে এ সময়ে কারও মৃত্যু হয়নি।
স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ১৫ মার্চ থেকে ১০ নভেম্বর পর্যন্ত দেশে সন্দেহজনক হাম রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ২ লাখ ৪১ হাজার ৫৫৬ জনে। এর মধ্যে নিশ্চিত হাম শনাক্ত হয়েছে ২৪ হাজার ৬১০ জনের। এ সময়ে হামের উপসর্গ নিয়ে ১ হাজার ১৮৪ জন এবং নিশ্চিত হামে ১০৫ জনের মৃত্যু হয়েছে।
ক্রমবর্ধমান সংক্রমণ পরিস্থিতিতে শিশুদের স্বাস্থ্য সুরক্ষা এবং সময়মতো টিকাদানের বিষয়ে সচেতন থাকার পরামর্শ দিচ্ছেন সংশ্লিষ্টরা।



কমিউটার ট্রেনে শিক্ষার্থীদের ভাড়ায় ২৫ শতাংশ ছাড় দেওয়ার উদ্যোগ

কমিউটার ট্রেনে যাতায়াতকারী শিক্ষার্থীদের জন্য টিকিটের ভাড়ায় ২৫ শতাংশ ছাড় দেওয়ার উদ্যোগ নিয়েছে সরকার। তবে এ সুবিধা পেতে শিক্ষার্থীদের সরকার নির্ধারিত ইউনিফাইড পরিচয়পত্র (ইউনিফাইড আইডি) থাকতে হবে।
মঙ্গলবার (১০ নভেম্বর) প্রকাশিত এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠানে পর্যায়ক্রমে শিক্ষার্থীদের জন্য ইউনিফাইড পরিচয়পত্র চালুর উদ্যোগ নেওয়া হয়েছে। এ পরিচয়পত্রের মাধ্যমে শিক্ষার্থীদের ট্রেনের ভাড়ায় নির্ধারিত ছাড় নিশ্চিত করা হবে।
সংশ্লিষ্ট দপ্তরের নির্দেশনায় বোর্ডের আওতাধীন সব মাদ্রাসায় শিক্ষার্থীদের জন্য ইউনিফাইড পরিচয়পত্র চালুর প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বলা হয়েছে। এ বিষয়ে মাদ্রাসার অধ্যক্ষ, সুপার ও প্রতিষ্ঠানপ্রধানদের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের নির্দেশ দেওয়া হয়েছে।
এর আগে প্রবীণ ও প্রতিবন্ধী যাত্রীদের রেলভাড়ায় ছাড় দেওয়া হলেও শিক্ষার্থীদের জন্য নির্ধারিত পরিচয়পত্র না থাকায় এ সুবিধা কার্যকর করা সম্ভব হচ্ছিল না। নতুন উদ্যোগ বাস্তবায়িত হলে কমিউটার ট্রেনে যাতায়াতকারী শিক্ষার্থীদের যাতায়াত ব্যয় কিছুটা কমবে বলে আশা করা হচ্ছে।



চট্টগ্রামে মবিলের গুদামে আগুন, পাঁচ ইউনিটের চেষ্টায় নিয়ন্ত্রণে

চট্টগ্রাম নগরের কদমতলী এলাকায় একটি মবিল ও তেলের গুদামে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। ফায়ার সার্ভিসের পাঁচটি ইউনিটের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনা হয়েছে। তবে আগুন পুরোপুরি নির্বাপণ ও ডাম্পিংয়ের কাজ চলছিল।
মঙ্গলবার (১০ নভেম্বর) সন্ধ্যা সাড়ে ৬টার দিকে নগরের কদমতলী পোড়া মসজিদ এলাকার একটি তেলের গুদামে আগুনের সূত্রপাত হয়। খবর পেয়ে আগ্রাবাদ ও নন্দনকানন ফায়ার স্টেশনের পাঁচটি ইউনিট ঘটনাস্থলে পৌঁছে আগুন নেভানোর কাজ শুরু করে। প্রায় এক ঘণ্টার চেষ্টায় সন্ধ্যা সাড়ে ৭টার দিকে আগুন নিয়ন্ত্রণে আসে।
স্থানীয় সূত্রে জানা গেছে, গুদামটিতে মবিলসহ বিভিন্ন ধরনের দাহ্য পদার্থ মজুত ছিল। এ কারণে আগুন দ্রুত ছড়িয়ে পড়ে। গুদামের আশপাশে ঘনবসতিপূর্ণ বসতি, দোকানপাট ও ভবন থাকায় আগুন পার্শ্ববর্তী স্থাপনায় ছড়িয়ে পড়ার আশঙ্কা তৈরি হয়। এ সময় স্থানীয় বাসিন্দারাও আশপাশের ভবন থেকে পানি ছিটিয়ে আগুন নিয়ন্ত্রণে সহযোগিতার চেষ্টা করেন।
ফায়ার সার্ভিসের পক্ষ থেকে জানানো হয়েছে, আগুন নিয়ন্ত্রণে এলেও গুদামে ধোঁয়া থাকায় পরবর্তী নির্বাপণ কার্যক্রম চলছিল। তাৎক্ষণিকভাবে অগ্নিকাণ্ডের কারণ ও ক্ষয়ক্ষতির পরিমাণ জানা যায়নি। এ ঘটনায় হতাহতের কোনো খবরও পাওয়া যায়নি।

"সত্যের সন্ধানে অবিচল"

Noakhali Khabar Express

নোয়াখালী খবর এক্সপ্রেস

NOAKHALI KHABAR EXPRESS

নোয়াখালী

অনলাইন দৈনিক ই-পেপার | NOV বুধবার, ১১নভেম্বর২০২৬ | দ্বিতীয় পৃষ্ঠা | www.noakhalikhabarexpress.com

প্রাথমিকে ভর্তি পরীক্ষা বন্ধসহ অতিরিক্ত বই নিষিদ্ধের দাবিতে হাইকোর্টে রিট



প্রাথমিক স্তরে (দ্বিতীয় থেকে পঞ্চম শ্রেণি) ভর্তি পরীক্ষা বন্ধ, এনসিটিবি অনুমোদিত পাঠ্যবইয়ের বাইরে অতিরিক্ত বাণিজ্যিক বই নিষিদ্ধ এবং অননুমোদিত প্রাক-প্রাথমিক কোর্স বন্ধের নির্দেশনা চেয়ে হাইকোর্টে রিট দায়ের করা হয়েছে।

সোমবার (৯ নভেম্বর) সুপ্রিম কোর্টের আইনজীবী মো. মাহমুদুল হাসান মামুন জনস্বার্থে এ রিট আবেদন করেন।

রিটে মন্ত্রিপরিষদ সচিব, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক এবং জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের চেয়ারম্যানকে বিবাদী করা হয়েছে।

রিট আবেদনে বলা হয়েছে, ১৯৯০ সালের প্রাথমিক শিক্ষা (বাধ্যতামূলককরণ) আইন অনুযায়ী প্রতিটি শিশুর প্রাথমিক শিক্ষায় বাধাহীনভাবে ভর্তির অধিকার রয়েছে। কিন্তু সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তি নীতিমালা-২০২৭ অনুযায়ী প্রাথমিক স্তরের শিশুদের প্রতিযোগিতামূলক ভর্তি পরীক্ষার মুখোমুখি করার উদ্যোগ আইনের সঙ্গে সাংঘর্ষিক বলে দাবি করা হয়েছে।

এ ছাড়া এনসিটিবি অনুমোদিত পাঠ্যবইয়ের বাইরে বাণিজ্যিক প্রকাশনীর অতিরিক্ত সহায়ক বই ও গাইড শিশুদের পড়তে বাধ্য করার বিষয়টিও রিটে তুলে ধরা হয়েছে। এতে শিক্ষার্থীদের ওপর বাড়তি পড়াশোনার চাপ তৈরি হচ্ছে বলে উল্লেখ করা হয়।

একই সঙ্গে জাতীয় শিক্ষানীতি-২০১০ অনুযায়ী নির্ধারিত প্রাক-প্রাথমিক শিক্ষার বাইরে যে, নার্সারি, কেজি-১ ও কেজি-২-এর মতো অননুমোদিত কোর্স পরিচালনা বন্ধের নির্দেশনাও চাওয়া হয়েছে।

রিটে এসব কার্যক্রম কেন বেআইনি ঘোষণা করা হবে না, তা জানতে চেয়ে রুল জারির আবেদন করা হয়েছে। পাশাপাশি রুল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট কার্যক্রম বন্ধে অন্তর্বর্তীকালীন আদেশ চাওয়া হয়েছে।



জুনিয়র বৃত্তি পরীক্ষায় ৮ মডেলের সায়েন্টিফিক ক্যালকুলেটর ব্যবহারের অনুমতি


আসন্ন জুনিয়র বৃত্তি পরীক্ষায় শিক্ষার্থীদের ক্যালকুলেটর ব্যবহারের বিষয়ে নির্দেশনা দিয়েছে শিক্ষা বোর্ড। পরীক্ষার্থীরা নির্ধারিত আট মডেলের সায়েন্টিফিক নন-প্রোগ্রামেবল ক্যালকুলেটর ব্যবহার করতে পারবেন। এ ছাড়া সাধারণ ক্যালকুলেটর ব্যবহারের সুযোগও থাকবে।

মঙ্গলবার (১০ নভেম্বর) জুনিয়র বৃত্তি পরীক্ষা নির্ধারী কমিটির সদস্যসচিব ও ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক জেসমিন তাসলিমা বানু স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে এ নির্দেশনা জানানো হয়।

অনুমোদিত সায়েন্টিফিক ক্যালকুলেটরের মডেলগুলো হলো—FX-82MS, FX-100MS, FX-570MS, FX-991MS, FX-991EX, FX-991ES, FX-991ES Plus এবং FX-991CW।

নির্দেশনা অনুযায়ী, তালিকাভুক্ত মডেলের বাইরে অন্য কোনো সায়েন্টিফিক ক্যালকুলেটর পরীক্ষার হলে ব্যবহার করা যাবে না। তবে সাধারণ ক্যালকুলেটরের ক্ষেত্রে এ ধরনের নিষেধাজ্ঞা নেই।

পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য কেন্দ্র সচিবদেরও এ নির্দেশনা অনুসরণের বিষয়ে অবহিত করা হয়েছে। তাই পরীক্ষায় অংশ নেওয়ার আগে শিক্ষার্থীদের নিজ নিজ ক্যালকুলেটরের মডেল অনুমোদিত তালিকার সঙ্গে মিলিয়ে নেওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।



২০২৭ সালের হজে বাংলাদেশের কোটা বেড়ে ৮৩ হাজার ৫০০

সৌদি আরবের সঙ্গে বাংলাদেশের ২০২৭ সালের হজ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। নতুন চুক্তি অনুযায়ী, আগামী বছর বাংলাদেশ থেকে মোট ৮৩ হাজার ৫০০ জন পবিত্র হজ পালনের সুযোগ পাবেন। সরকারের বিশেষ অনুরোধে সৌদি আরব বাংলাদেশের জন্য অতিরিক্ত ৫ হাজার হজযাত্রীর কোটা বরাদ্দ করেছে।

সোমবার (৯ নভেম্বর) স্থানীয় সময় সন্ধ্যা ৭টায় সৌদি আরবের জেদ্দায় দুই দেশের মধ্যে এ চুক্তি স্বাক্ষরিত হয়। বাংলাদেশের পক্ষে ধর্মবিষয়ক মন্ত্রী কাজী শাহ মোফাজ্জাল হোসাইন (কায়কোবাদ) এবং সৌদি আরবের পক্ষে দেশটির হজ ও ওমরাহবিষয়ক মন্ত্রী ড. তৌফিক বিন ফাওজান আল-রাবিয়াহ চুক্তিতে স্বাক্ষর করেন।

ধর্মমন্ত্রী জানান, আগে বাংলাদেশের হজ কোটা ছিল ৭৮ হাজার ৫০০ জন। নতুন করে ৫ হাজার কোটা বাড়ায় ২০২৭ সালে মোট ৮৩ হাজার ৫০০ জন হজ পালনের সুযোগ পাবেন।

বৈঠকে সৌদি আরবের মীনায় তাঁবুর ধারণক্ষমতার সীমাবদ্ধতার বিষয়টিও আলোচনায় আসে। তবে অন্য কোনো দেশ নির্ধারিত কোটা ব্যবহার করতে না পারলে বা তাদের কোটা বাতিল হলে তা অগ্রাধিকার ভিত্তিতে বাংলাদেশকে দেওয়ার বিষয়টি বিবেচনার আশ্বাস দিয়েছে সৌদি পক্ষ।



শিক্ষকদের বদলি বিকেন্দ্রীকরণ, ম্যানেজিং কমিটির সভাপতি হতে শর্ত শিথিলের সুযোগ

প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বদলি প্রক্রিয়া উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে বিকেন্দ্রীকরণ করা হয়েছে। একই সঙ্গে স্কুল-কলেজের পরিচালনা কমিটির সভাপতি হওয়ার ক্ষেত্রে স্নাতক ডিগ্রির বাধ্যবাধকতা না থাকলেও প্রকৃত শিক্ষানুরাগীদের আবেদন করার সুযোগ রাখছে সরকার।

মঙ্গলবার (১০ নভেম্বর) জাতীয় সংসদের চতুর্থ অধিবেশনের দ্বিতীয় দিনের বৈঠকে সংসদ সদস্য জয়নাল আবেদিন ফারুকের এক প্রশ্নের জবাবে এসব তথ্য জানান শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন।

শিক্ষামন্ত্রী জানান, প্রাথমিক শিক্ষকদের বদলি কার্যক্রম ইতোমধ্যে উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে ভাগ করে দেওয়া হয়েছে। তবে এক বিভাগ থেকে অন্য বিভাগে বদলির দায়িত্ব শিক্ষা মন্ত্রণালয়ের হাতে থাকবে।

অন্যদিকে স্কুল-কলেজের ম্যানেজিং কমিটির সভাপতি হওয়ার যোগ্যতা নিয়েও সরকারের অবস্থান তুলে ধরেন তিনি। মন্ত্রী বলেন, কেউ প্রকৃত অর্থে শিক্ষানুরাগী হলে বিএ পাস না থাকলেও শিক্ষা মন্ত্রণালয়ে আবেদন করতে পারবেন। আবেদন যাচাই-বাছাই করে মন্ত্রণালয় এ বিষয়ে সিদ্ধান্ত নেবে।

তিনি আরও জানান, আগে স্কুল-কলেজের পরিচালনা কমিটির সভাপতি হওয়ার ক্ষেত্রে উচ্চতর শিক্ষাগত যোগ্যতার শর্ত নির্ধারণ করা হয়েছিল। এ নিয়ে বিভিন্ন মহলে আলোচনা-সমালোচনা তৈরি হওয়ায় যোগ্যতার শর্ত শিথিলের বিষয়টি বিবেচনায় নেওয়া হয়েছে।

তবে শিক্ষানুরাগী হিসেবে আবেদন করলেই কেউ স্বয়ংক্রিয়ভাবে সভাপতি হতে পারবেন না। সংশ্লিষ্ট আবেদন পর্যালোচনা করে চূড়ান্ত সিদ্ধান্ত দেবে শিক্ষা মন্ত্রণালয়।

সরকারের এ উদ্যোগ বাস্তবায়িত হলে একদিকে শিক্ষকদের বদলি প্রক্রিয়ায় প্রশাসনিক বিকেন্দ্রীকরণ বাড়বে, অন্যদিকে শিক্ষাপ্রতিষ্ঠানের পরিচালনা কমিটিতে শিক্ষানুরাগীদের অংশগ্রহণের সুযোগ তৈরি হতে পারে।



সাইবার হামলার অভিযোগে ইরানের বিরুদ্ধে কঠোর পদক্ষেপের পথে ফ্রান্স

সুপারমার্কেটের ফ্রিজ ও পাঁচতারকা ব্যবস্থায় সাইবার হামলার অভিযোগে ইরানের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার প্রস্তুতি নিচ্ছে ফ্রান্স। এ ঘটনায় ইউরোপীয় ইউনিয়নের মাধ্যমে নতুন নিষেধাজ্ঞা আরোপের উদ্যোগ নেওয়ার পাশাপাশি প্রয়োজনীয় অন্যান্য পদক্ষেপের কথাও জানিয়েছে দেশটি।

ফ্রান্সের পররাষ্ট্রমন্ত্রী জ্যঁ-নোয়েল বারো মঙ্গলবার (১০ নভেম্বর) জানান, সাইবার হামলার সঙ্গে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে ফ্রান্স কোনো বিকল্পই বাদ দিচ্ছে না। পরিস্থিতি বিবেচনায় প্রকাশ্য ও গোপন—উভয় ধরনের পদক্ষেপ নেওয়া হতে পারে।

ফরাসি কর্তৃপক্ষের অভিযোগ, গত ১১ ও ১২ অক্টোবর রাতে দেশটির ৭০০টির বেশি সুপারমার্কেট ও খুচরা বিক্রয়কেন্দ্রের শীতলীকরণ ব্যবস্থায় সাইবার হামলা চালানো হয়। এতে ফ্রিজ ও ফ্রিজারের তাপমাত্রা নিয়ন্ত্রণ ব্যবস্থা ক্ষতিগ্রস্ত হয়। ফলে বিপুল পরিমাণ খাদ্যপণ্য নষ্ট হওয়ার পাশাপাশি কয়েকটি স্থানে অগ্নিকাণ্ডের ঘটনাও ঘটে। ক্ষয়ক্ষতির পরিমাণ কয়েক কোটি ইউরো বলে জানিয়েছে ফ্রান্স।

তদন্তের পর ফরাসি কর্তৃপক্ষ হামলার জন্য ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কর্পসের (আইআরজিসি) সঙ্গে সংশ্লিষ্ট 'সামির কাডেস' নামের একটি সাইবার ইউনিটকে দায়ী করেছে। এ ঘটনায় ফ্রান্সের পররাষ্ট্র মন্ত্রণালয় ইরানের রাষ্ট্রদূতকে তলবের সিদ্ধান্ত জানিয়েছে। একই সঙ্গে অভিযুক্ত ব্যক্তি ও প্রতিষ্ঠানের বিরুদ্ধে ইউরোপীয় ইউনিয়নের নতুন নিষেধাজ্ঞার প্রস্তাব নেওয়ার কথাও হয়েছে।

তবে ফ্রান্সের অভিযোগ প্রত্যাখ্যান করেছে ইরান। দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয় অভিযোগগুলোকে ভিত্তিহীন ও পক্ষপাতদুষ্ট বলে উল্লেখ করেছে।

এ ঘটনায় দুই দেশের মধ্যে কূটনৈতিক উত্তেজনা আরও বাড়ার আশঙ্কা তৈরি হয়েছে। সাইবার হামলার অভিযোগের পরিপ্রেক্ষিতে ফ্রান্স কী ধরনের পদক্ষেপ নেয় এবং ইউরোপীয় ইউনিয়ন এ বিষয়ে কী সিদ্ধান্ত গ্রহণ করে, এখন সেদিকেই নজর আন্তর্জাতিক মহলের।




২৩ বছর পর সাফ শিরোপা জয়ের স্বপ্ন, আত্মবিশ্বাসী হামজা

দীর্ঘ ২৩ বছরের অপেক্ষার অবসান ঘটিয়ে আবারও সাফ চ্যাম্পিয়নশিপের শিরোপা জিততে চায় বাংলাদেশ। ঘরের মাঠে এবারের আসরকে সামনে রেখে শিরোপা জয়ের ব্যাপারে আশাবাদী জাতীয় দলের তারকা ফুটবলার হামজা চৌধুরী। তাঁর বিশ্বাস, বর্তমান দলের সামর্থ্য রয়েছে চ্যাম্পিয়ন হওয়ার।

মঙ্গলবার (১০ নভেম্বর) অনুশীলনের আগে গণমাধ্যমের সঙ্গে কথা বলতে গিয়ে হামজা বলেন, দেশের মানুষ কী প্রত্যাশা করছে, তা খেলোয়াড়রা জানেন। দলের ওপর তাঁর যথেষ্ট আস্থা রয়েছে। সিঙ্গাপুর ও হংকংয়ের মতো দলের সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা এবং ভারতের বিপক্ষে জয়ের অভিজ্ঞতা বাংলাদেশের আত্মবিশ্বাস বাড়িয়েছে।

সুবর্ণচরে লবণাক্ততার থাবা, মাঠেই পুড়ছে কৃষকের স্বপ্ন



সুবর্ণচর (নোয়াখালী) প্রতিনিধি:

নোয়াখালীর সুবর্ণচরে চলতি মৌসুমের শেষ সময়ে বৃষ্টির অভাবে কৃষিজমিতে লবণাক্ততা বেড়ে যাওয়ায় ক্ষতিগ্রস্ত হচ্ছে বোরো ধানের ক্ষেত। বিশেষ করে উপজেলার চর আমান উল্যাহ ইউনিয়নের বেশ কিছু জমিতে লবণাক্ততার প্রভাবে ধানগাছ ঝলসে গেছে। এতে ফসলের ব্যাপক ক্ষতির আশঙ্কায় দুশ্চিন্তায় পড়েছেন স্থানীয় কৃষকরা।

কৃষকদের দেওয়া তথ্য অনুযায়ী, চলতি মৌসুমের শেষ পর্যায়ে পর্যাপ্ত বৃষ্টিপাত না হওয়ায় জমির মাটিতে লবণের মাত্রা বেড়ে যায়। এর প্রভাবে ধানগাছের স্বাভাবিক বৃদ্ধি ব্যাহত হচ্ছে। অনেক জমিতে ধানের চারা ও গাছের পাতা শুকিয়ে বিবর্ণ হয়ে গেছে। কোথাও কোথাও পুরো ক্ষেতজুড়েই লবণাক্ততার নেতিবাচক প্রভাব দেখা যাচ্ছে।

উপকূলীয় এলাকা হওয়ায় সুবর্ণচরের কৃষিজমিতে লবণাক্ততা একটি বড় সমস্যা। বিশেষ করে বৃষ্টিপাত কমে গেলে এবং মাটিতে আর্দ্রতা হ্রাস পেলে লবণের প্রভাব আরও প্রকট হতে পারে। ফলে মৌসুমের শেষ সময়ে এসে ফসলের এমন ক্ষতি কৃষকদের জন্য বড় ধরনের দুশ্চিন্তার কারণ হয়ে দাঁড়িয়েছে।

কৃষকদের কাছে একটি মৌসুমের ফসল শুধু খাদ্যের জোগান নয়, বরং সারা বছরের পরিশ্রম ও পরিবারের জীবিকার অন্যতম অবলম্বন। জমিতে ধান ফলানোর আশায় বীজ, সার, সেচ ও পরিচর্যায় যে অর্থ ও শ্রম ব্যয় করেছেন, লবণাক্ততার কারণে সেই প্রত্যাশা এখন অনিশ্চয়তার মুখে।

স্থানীয় কৃষকদের আশঙ্কা, ক্ষতিগ্রস্ত জমির ধান স্বাভাবিকভাবে বেড়ে উঠতে না পারলে কাঙ্ক্ষিত ফলন পাওয়া কঠিন হবে। এতে অনেক কৃষককে আর্থিক ক্ষতির মুখে পড়তে হতে পারে।

এ অবস্থায় ক্ষতিগ্রস্ত কৃষকদের জমি সরেজমিনে পরিদর্শন, লবণাক্ততার মাত্রা নিরূপণ এবং প্রয়োজনীয় কৃষি পরামর্শ ও সহায়তা দেওয়ার দাবি উঠেছে। পাশাপাশি উপকূলীয় কৃষি রক্ষায় লবণসহিষ্ণু ধানের জাত সম্প্রসারণ এবং কার্যকর পানি ব্যবস্থাপনার ওপর গুরুত্ব দেওয়া প্রয়োজন।

সুবর্ণচরের কৃষকদের প্রত্যাশা, সংশ্লিষ্ট কৃষি বিভাগ দ্রুত পরিস্থিতি পর্যালোচনা করে প্রয়োজনীয় সহযোগিতা নিয়ে পাশে দাঁড়াবে। কারণ মাঠের ফসল বাঁচানো মানে শুধু কৃষকের স্বপ্ন রক্ষা নয়, উপকূলীয় অঞ্চলের খাদ্য উৎপাদন ও কৃষিনির্ভর অর্থনীতিকেও সুরক্ষা দেওয়া।



শ্রীলঙ্কার বিপক্ষে ম্যাচের আগে ধাক্কা, ইনজুরিতে ছিটকে গেলেন বিশ্বনাথ ঘোষ

শ্রীলঙ্কার বিপক্ষে আসন্ন ম্যাচের আগে বড় ধাক্কা খেল বাংলাদেশ জাতীয় ফুটবল দল। চোটের কারণে গুরুত্বপূর্ণ এ ম্যাচে খেলতে পারবেন না ডিফেন্ডার বিশ্বনাথ ঘোষ। দলের রক্ষণভাগের পরিচিত মুখ হলেও সাম্প্রতিক সময়ে তাঁকে আক্রমণভাগের খেলোয়াড় হিসেবেও ব্যবহার করছিলেন প্রধান কোচ টমাস ডুলি।

গত ৫ নভেম্বর ভুটানের বিপক্ষে ম্যাচে বাংলাদেশের হয়ে নাম্বার নাইন পজিশনে খেলেছিলেন বিশ্বনাথ। স্বাভাবিক অবস্থান ডিফেন্ডার হলেও দলের আক্রমণভাগে বিকল্প তৈরির পরিকল্পনায় তাঁকে সামনে খেলানোর সিদ্ধান্ত নেন কোচ। নতুন ভূমিকায় গোল করতে না পারলেও আক্রমণ তৈরিতে অংশ নেওয়ার চেষ্টা করেন তিনি।

এর আগে সান মারিনোর বিপক্ষেও আক্রমণাত্মক পজিশনে খেলেছিলেন বিশ্বনাথ। ওই ম্যাচে রাইট-ফরোয়ার্ড হিসেবে মাঠে নেমে সতীর্থের গোলেও অবদান রাখেন তিনি। ফলে দলের প্রয়োজনে একাধিক পজিশনে খেলার সক্ষমতা তাঁকে কোচের কাছে গুরুত্বপূর্ণ বিকল্প করে তুলেছিল।

তবে ইনজুরির কারণে শ্রীলঙ্কার বিপক্ষে তাঁকে পাচ্ছে না বাংলাদেশ। এতে আক্রমণভাগের পরিকল্পনায় পরিবর্তন আনতে হবে কোচকে। একই সঙ্গে দলের রক্ষণভাগের ভারসাম্য বজায় রাখাও গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে।

গুরুত্বপূর্ণ ম্যাচের আগে বিশ্বনাথের অনুপস্থিতিতে তাঁর জায়গায় কে দায়িত্ব পালন করবেন, এখন সেটিই দেখার বিষয়। নতুন সমন্বয়ে শ্রীলঙ্কার বিপক্ষে মাঠে নামতে হবে বাংলাদেশ দলকে।

২০০৩ সালে সর্বশেষ সাফ চ্যাম্পিয়নশিপের শিরোপা জিতেছিল বাংলাদেশ। এরপর দীর্ঘ সময় কেটে গেলেও আর ট্রফি জেতা হয়নি। এবার নিজেদের মাঠে সেই অপেক্ষার অবসান ঘটাতে চান হামজা। তিনি মনে করেন, ফুটবল দলীয় খেলা; তাই ব্যক্তিগত পারফরম্যান্সের চেয়ে পুরো দলের সমন্বয় ও প্রচেষ্টাই সবচেয়ে গুরুত্বপূর্ণ।

দলের গোলের সুযোগ কাজে লাগানো নিয়ে কিছুটা ঘাটতি থাকলেও বিষয়টি নিয়ে উদ্বিগ্ন নন হামজা। তাঁর মতে, দল নিয়মিত গোলের সুযোগ তৈরি করতে পারছে, যা ইতিবাচক দিক।

অনুশীলন ও ম্যাচের অভিজ্ঞতার মধ্য দিয়ে এসব সুযোগকে গোলে রূপ দেওয়ার সক্ষমতা আরও বাড়বে।

সমর্থকদের ভালোবাসা ও প্রত্যাশার প্রতিদান মাঠের পারফরম্যান্স দিয়ে দিতে চান এই ফুটবলার। এবারের সাফে বাংলাদেশকেই ফেভারিট মনে করেন তিনি। এখন সেই আত্মবিশ্বাসকে মাঠের সাফল্যে রূপ দেওয়ার অপেক্ষা।